

Times Today BD

হিমেল আহমেদ অপি | ঢাকা | 06 May, 2025

শরীয়তপুরে জমি সংক্রান্ত বিরোধের জেরে প্রতিপক্ষের হামলায় সূজন সাহা (৪৫) নামে এক স্কুল শিক্ষক নিহত হয়েছেন। মঙ্গলবার (৬ মে) দুপুরে শরীয়তপুর পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের দক্ষিণ মধ্যপাড়া এলাকায় এই মর্মান্তিক ঘটনা ঘটে। নিহত সূজন সাহা ওই এলাকার হরিদাস সাহার ছেলে এবং আঙ্গারিয়া উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, নিহত সূজন সাহার সঙ্গে তার চাচাতো ভাই শান্তিরঞ্জন সাহার জমিজমা নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। এর আগেও তাদের মধ্যে কয়েক দফায় মারামারির ঘটনা ঘটেছে। মঙ্গলবার দুপুরে বিরোধের জের ধরে আবারো দ্বন্দ্ব জড়ায় উভয়পক্ষ। একপর্যায়ে শান্তিরঞ্জন সাহা ও তার দোকানের কর্মচারী লোকমান হোসেন লাঠি দিয়ে শিক্ষক সূজন সাহার মাথা ও শরীরের বিভিন্ন স্থানে বেধড়ক পিটিয়ে গুরুতর জখম করেন। স্থানীয়রা তাঁকে উদ্ধার করে প্রথমে শরীয়তপুর সদর হাসপাতালে নিয়ে যায়। পরে অবস্থার অবনতি হলে ঢাকায় নেওয়ার পথে তিনি মৃত্যুবরণ করেন।

পালং মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) হেলাল উদ্দিন জানান, “ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেছে। ঘটনার তদন্ত চলছে। আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।” নিহত সূজন সাহার মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

শরীয়তপুর জমি শিক্ষক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:25

URL: <https://www.timestodaybd.com/dhaka/9924282056>